ভোরের কাগজ

তারিখ MAR 1 3 1999
পৃষ্ঠা কলাম

146

নিরাপত্তা পাস ইস্যু না করায় ক্ষোভ

## সমাবর্তনে যাচ্ছেন না চট্টগ্রামের সাংবাদিকরা

**চট্টগ্রাম অফিস :** চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় সমাবর্তন অনুষ্ঠানের সংবাদ সংগ্রহের ব্যাপারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ চট্টগ্রামে কর্মরত সাংবাদিকদের জন্য নিরাপত্তা পাস ইস্যু না করায় চট্টগ্রাম সাংবাদিক ইউনিয়ন (সিইউজে), চট্টগ্রাম প্রেসক্লাব, চট্টগ্রাম রিপোর্টার্স স্ট্যান্ডিং কমিটি ও চট্টগ্রাম ফটো জার্নালিস্ট এসোসিয়েশন গতকাল শুক্রবার রাতে এক যৌথ বৈঠকে মিলিত হয়ে গভীর ক্ষোভ প্রকাশ করেছে।

সভায়, সাংবাদিক নেতৃবৃন্দ বিষয়টি পর্যালোচনা করে সিদ্ধান্ত নেন যে, নিরাপত্তা পাসবিহীন অবস্থায় চ.বি.-এর সমাবর্তন অনুষ্ঠানে পেশাগত দায়িত্ব পালন সাংবাদিকদের পক্ষে সম্ভবপর নয়। এ অবস্থায় চট্টগ্রামের সাংবাদিকগণ এ অনুষ্ঠানে পেশাগত দায়িত্ব পালনে বিরত থাকতে বাধ্য হচ্ছেন।